



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
www.dae.sadar.jhenaidah.gov.bd



স্মারক নং-১২.০১.৪৪১৯.০০১.১৮.০০০.২৫-১৪০৬

তারিখঃ ২৯ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৩ আগস্ট, ২০২৫ খ্রি.

নোটিশ

এতদ্বারা ঝিনাইদহ সদর উপজেলার সকল বিসিআইসি সার ডিলার, বিএডিসি সার ডিলার ও খুচরা সার বিক্রেতাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলমান খরিপ-২ মৌসুমে রোপা আমন ধান ও বিভিন্ন গ্রীষ্মকালীন সবজির আবাদে সরকার নির্ধারিত মূল্যে কৃষকদের সার প্রাপ্তিকে নিবিষ্ট করার জন্য সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপ নির্দেশনা দেওয়া হলো।

- ১। বিসিআইসি ও বিএডিসি সার ডিলারগণ মাসিক বরাদ্দকৃত সকল সার যথাসময়ে উত্তোলণ করবেন।
- ২। বিসিআইসি ও বিএডিসি সার ডিলারদের বরাদ্দের ৫০% সংশ্লিষ্ট ইউনিয়নে খুচরা সার বিক্রেতাদের মাঝে বিতরণ করবেন। তবে কোন খুচরা সার বিক্রেতাকে সার প্রদানের আগে তার মজুদ খাতা, বিক্রয় খাতা, ক্যাশ মেমো দেখে নিশ্চিত হবেন যে, পূর্বে প্রদানকৃত সার রেজিস্টারে কৃষকের নাম, মোবাইল নম্বরসহ উল্লেখপূর্বক যথাযথভাবে বিক্রয় সম্পন্ন করছেন কি না। যদি তা না করে থাকেন তাহলে ঐ সংশ্লিষ্ট খুচরা সার বিক্রেতাকে কোন সার না দেওয়ার নির্দেশনা প্রদান করা হলো। বিষয়টি উপসহকারী কৃষি কর্মকর্তাগণ নিশ্চিত করবেন।
- ৩। বিসিআইসি ও বিএডিসি সার ডিলারগণ তাদের বরাদ্দের বাকী ৫০% সার সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাকে জ্ঞাত করে সরকার নির্ধারিত মূল্যে কৃষকের মাঝে বিক্রয় করবেন।
- ৪। সকল বিসিআইসি, বিএডিসি এবং খুচরা সার বিক্রেতাগণকে কৃষকের কাছে সার বিক্রয়ের ক্ষেত্রে অবশ্যই ক্যাশ মেমো, বিক্রয় রেজিস্টার ও মজুদ রেজিস্টারে নাম, মোবাইল নম্বরসহ উল্লেখ করে সার বিক্রয় করবেন।

উপরোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেওয়া হলো।

(মোঃ নূর-এ-নবী)

উপজেলা কৃষি অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

০২৪৭৭৭-৪৬০৯৭

ইমেইল:Uaojhenaidahsadar@gmail.com

প্রাপক,
বিসিআইসি ও বিএডিসি সার ডিলার/খুচরা সার বিক্রেতা (সকল)
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

স্মারক নং-১২.০১.৪৪১৯.০০১.১৮.০০০.২৫-১৪০৬

তারিখঃ ২৯ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৩ আগস্ট, ২০২৫ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো-

- ১। জেলা প্রশাসক, ঝিনাইদহ
- ২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঝিনাইদহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৪। উপসহকারী কৃষি কর্মকর্তা (সকল), অত্র দপ্তর।
- ৫। অফিস কপি।

(মোঃ নূর-এ-নবী)

উপজেলা কৃষি অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

০২৪৭৭৭-৪৬০৯৭

ইমেইল:uaojhenaidahsadar@gmail.com